

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাণিসম্পদ অধিদপ্তর

মানব সম্পদ উন্নয়ন শাখা

www.dls.gov.bd

১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ২৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০১.১৪.৫৯১

বিষয়: ১ (এক) দিন বয়সী গ্র্যান্ড প্যারেন্টস্টক (জিপি) মুরগীর বাচ্চা আমদানির অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র: ব্যবস্থাপনা পরিচালক, নাহার এগ্রো (গ্র্যান্ড প্যারেন্ট) লিমিটেড এর ২১/০৪/২০২৪ খ্রি. তারিখের পত্র মোতাবেক।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে UK হতে ১ (এক) দিন বয়সী ROSS Broiler Grand Parent Stock জাতের ২৬,০৯৪ (ছাব্বিশ হাজার চুরানব্বই) টি মুরগীর বাচ্চা নিম্নবর্ণিত শর্তে আগামী ২৪/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে আমদানির অনুমতি প্রদান করা হলো (পি.আই নং- ২০২৪০২৮৮, তারিখঃ ০৯/০৪/২০২৪ খ্রি.)।

শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল গ্র্যান্ড প্যারেন্টস্টক মুরগীর বাচ্চা “সংক্রামক” রোগমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করত: প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরস্বীকৃত কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতো প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল গ্র্যান্ড প্যারেন্টস্টক বিমান যোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট গ্রহণ করা যাবে না।
- ৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানীকারক দেশে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।
- ৯। সরকারী নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগীর বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭দিন পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।

২৮-০৪-২০২৪

ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঞা
উপপরিচালক

ব্যবস্থাপনা পরিচালক, নাহার এগ্রো (গ্র্যান্ড প্যারেন্ট) লিমিটেড (খামার: ১৮নং ধর্মপুর ইউনিয়ন, আজাদী বাজার, ফটিকছড়ি, চট্টগ্রাম)।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০১.১৪.৫৯১/১ (৭)

১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ২৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম;

- ২। কমিশনার কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা;
- ৩। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা (রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিয়মিত স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণকরার জন্য অনুরোধ করা হলো);
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চট্টগ্রাম (খামার পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো);
- ৫। অফিসার ইনচার্জ, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৬। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা এবং
- ৭। অফিস কপি, ।



২৮-০৪-২০২৪
ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঞা
উপপরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) সংশ্লিষ্ট সংযুক্তি